



জীবন বীমা কর্পোরেশন
কর্মচারী প্রশাসন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।



স্মারক : ৫৩.১৯.৯০০১.০০২.১১.০০০.১৯-৬৭৯

তারিখঃ ২২-০৮-২০২১খ্রি:

বিষয়: লিখিত (এম.সি.কিউ) পরীক্ষার সময়সূচি।

জীবন বীমা কর্পোরেশনের 'উচ্চমান সহকারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং অফিস সহায়ক' পদে নিয়োগের লক্ষ্যে গত ০৭-০১-২০২০ খ্রিঃ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.১১.০৫৭.১৯-৮১ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাদের লিখিত (এম.সি.কিউ) পরীক্ষার সময়সূচি নিম্নরূপ:

পদের নাম	পরীক্ষার তারিখ	বার	সময়
উচ্চমান সহকারী	০৩-০৯-২০২১	শুক্রবার	৩:০০-৪:০০ টা
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৪-০৯-২০২১	শনিবার	১০:০০-১১:০০ টা
অফিস সহায়ক	০৪-০৯-২০২১	শনিবার	৩:০০-৩:৩০ টা

উক্ত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষার্থীদের স্ব-স্ব প্রবেশপত্র ২৬-০৮-২০২১ খ্রি: তারিখ হতে www.jbc.teletalk.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক প্রিন্ট করতে হবে। পরীক্ষা কেন্দ্রের নাম, ঠিকানা এবং পরীক্ষার্থীদের জন্য অনুসরণীয় প্রয়োজনীয় নির্দেশনা প্রবেশপত্রে উল্লেখ থাকবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষার তারিখ সংক্রান্ত নির্দেশনা পরীক্ষার্থীদের স্ব-স্ব মোবাইল নম্বরে টেলিটক কর্তৃক এস.এম.এস এর মাধ্যমে প্রদান করা হয়েছে। প্রবেশপত্র পেতে সমস্যা হলে ০১৯২৩-৬১৯১৯৭ নম্বরে যোগাযোগ করতে হবে।

জীবন বীমা কর্পোরেশন-এর ওয়েবসাইট:www.jbc.gov.bd-এ আসন ব্যবস্থা, সময়সূচি ও নির্দেশনা সংক্রান্ত বিস্তারিত বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

পরীক্ষার্থীদেরকে অবশ্যই স্বাস্থ্যবিধি পরিপালন ও সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক পরিধান করে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে হবে। মাস্ক ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।


(মোহাম্মদ মাহবুবুল আলম)

সহকারী জেনারেল ম্যানেজার-প্রশাসন
ও সদস্য-সচিব, বাছাই কমিটি।